# ডাকসু নির্বাচনে ইশতেহার প্রকাশ করেছে ছাত্রদল যা আছে তাদের ইশতেহারে




সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে নিজেদের প্রথম ইশতেহার প্রকাশ করেছে জাতীয়তাবাদী ছাত্রদল। বৃহস্পতিবার (২৮ আগস্ট) দুপুরে কলা অনুষদের বটতলায় এক অনুষ্ঠানে ভিপি পদপ্রার্থী আবিদুল ইসলাম খান আনুষ্ঠানিকভাবে এ ইশতেহার ঘোষণা করেন। ছাত্রদল বলছে, তাদের প্রতিশ্রুতি বাস্তবায়িত হলে ঢাকা বিশ্ববিদ্যালয় রূপ নেবে "আধুনিক, নিরাপদ ও শিক্ষার্থীবান্ধব" শিক্ষাঙ্গনে।

ইশতেহার ঘোষণার সময় উপস্থিত ছিলেন জিএস পদপ্রার্থী তানভীর বারী হামিম, এজিএস পদপ্রার্থী তানভীর আল হাদী মায়েদ, সংগঠনের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব, সাধারণ সম্পাদক নাসির উদ্দীন নাসির ও সাংগঠনিক সম্পাদক আমানউল্লাহ আমানসহ শীর্ষ নেতারা।

ভিপি প্রার্থী আবিদুল ইসলাম অনুষ্ঠানে বলেন, আগামী ৯ সেপ্টেম্বরের ডাকসু নির্বাচন শিক্ষার্থীদের জন্য গণতান্ত্রিক অধিকার প্রয়োগের এক অনন্য সুযোগ। তার ভাষ্যে, ছাত্রদলের প্রস্তাবিত অঙ্গীকারগুলো বাস্তবায়িত হলে শিক্ষা কার্যক্রম হবে সময়োপযোগী এবং শিক্ষার্থীরা উপভোগ করবে একটি প্রাণবন্ত ও সুরক্ষিত ক্যাম্পাস জীবন।

LENS ASIA

ছাত্রদলের ঘোষিত ১০ দফা ইশতেহার:

১. বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন সময়কে যেন শিক্ষার্থীরা জীবনের সবচেয়ে মূল্যবান, শিক্ষণীয় ও আনন্দময় সময় হিসেবে মনে রাখতে পারে—সে লক্ষ্যে সৃজনশীল পদক্ষেপ গ্রহণ।

২. নারী শিক্ষার্থীর পোশাকের স্বাধীনতা, যৌন হয়রানি প্রতিরোধ এবং সমান সামাজিক মর্যাদা নিশ্চিতকরণ।

৩. মেডিকেল সেন্টারের অবকাঠামো ও সেবা আধুনিকায়ন; সার্বক্ষণিক ডাক্তার, অ্যাম্বুলেন্স ও ফার্মেসি সুবিধা নিশ্চিতকরণ; জরুরি ওষুধ বিনামূল্যে প্রদান।

৪. কারিকুলাম নিয়মিত পর্যালোচনা ও আন্তর্জাতিক মানে হালনাগাদ; শিক্ষার্থী-শিক্ষক-গবেষক সমন্বয়ে কমিটি গঠন; আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে ক্রেডিট ট্রান্সফার সুযোগ বৃদ্ধি।

৫. ক্যাম্পাসে পরিবেশবান্ধব ও ব্যাটারিচালিত পর্যাপ্ত শাটল সার্ভিস চালু।

৬. রেজিস্ট্রার ভবনে হয়রানিমুক্ত প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা; সার্টিফিকেট-ট্রান্সক্রিপ্ট প্রদান ও ফি পরিশোধসহ সব কার্যক্রম ডিজিটালাইজ করা; ডিজিটাল সাপোর্ট ডেস্ক চালু।

৭. বৈচিত্র্যপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক পরিবেশ গড়ে তুলতে নৃগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি চর্চায় উৎসাহ প্রদান।

৮. একাডেমিক ইমেইলের স্টোরেজ ও মেয়াদ বৃদ্ধি; বিশ্বমানের অনলাইন জার্নাল ও লাইব্রেরি অ্যাক্সেস নিশ্চিত; শিক্ষার্থীদের বিনামূল্যে ক্লাউড স্টোরেজ প্রদান।

৯. পরিবেশ সংরক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনা ও সবুজায়নের মাধ্যমে প্রাণিবান্ধব ক্যাম্পাস গঠন।

১০. একাডেমিক ক্যালেন্ডারে নিয়মিত ডাকসু নির্বাচন অন্তর্ভুক্ত করা।